



যে-কোনো ধরনের তদ্বির  
প্রার্থীর অযোগ্যতা হিসেবে  
বিবেচনা করা হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

৫০তম বি.সি.এস. এর লিখিত  
পরীক্ষা (আবশ্যিক ও পদ-সংশ্লিষ্ট  
বিষয়)

নম্বর-৮০.০০.০০০০.২০০.৭৩.১৩৬.২৫- ৯৩৩

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২  
২২ মার্চ ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : ৫০তম বি.সি.এস. লিখিত পরীক্ষার পরীক্ষার্থীদের পরীক্ষা হলে উপস্থিতি।

পরীক্ষা হলে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়িয়ে চলার লক্ষ্যে হাজিরা তালিকায় পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর জোড় ও বিজোড় বিন্যস্ত করে এবং প্রতিটি রেজিস্ট্রেশন নম্বর কক্ষওয়ারি দৈবচয়ন (Random) ভিত্তিতে সাজিয়ে হাজিরা তালিকা প্রস্তুত করা হয়েছে। দৈবচয়ন (Random) প্রক্রিয়ায় নিজ আসন এবং কক্ষ চিহ্নিত করা একটু সময়সাপেক্ষ। এ পরিপ্রেক্ষিতে নিজ আসন এবং কক্ষ চিহ্নিত করার জন্য লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা হলে প্রবেশ করতে হবে অর্থাৎ সকাল ৯.৩০ মিনিটের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না। বিষয়টি প্রবেশপত্রে এবং পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনায় উল্লেখ রয়েছে। সুষ্ঠুভাবে লিখিত পরীক্ষা অনুষ্ঠান এবং হলের সুশৃঙ্খল পরিবেশ অক্ষুণ্ণ রাখার স্বার্থে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২২/৩/২০২৬  
মাসুমা আফরীন

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

ফোন: ৫৫০০৬৬৪৪

ই-মেইল: e\_cc@bpsc.gov.bd